

ত্রিপুরা সরকার  
তথ্য ও সংস্কৃতি অধিকার  
\*\*\*\*\*

সংস্কৃতি-৬৫

আগরতলামার্চ ৬, ২০২৬

**জিবিপি হাসপাতালে নবনির্মিত ট্রমা অপারেশন থিয়েটারে প্রথম সার্জারি সম্পন্ন**

গতকাল মুখ্যমন্ত্রী কর্তৃক উদ্বোধনের পর ট্রমা ব্লকের নতুন মেজর অপারেশন থিয়েটারে আজ প্রথম জরুরি নিউরোসার্জারি সফলভাবে সম্পন্ন হয়েছে। হাসপাতালের ট্রমা ব্লকের জরুরি অপারেশন থিয়েটারে নিউরোসার্জারি বিভাগ এই অস্ত্রোপচারটি সম্পন্ন করে। এর মাধ্যমে হাসপাতালের ট্রমা চিকিৎসা পরিষেবায় একটি গুরুত্বপূর্ণ মাইলফলক স্থাপিত হয়েছে। অপারেশন থিয়েটারটি জরুরি বিভাগের সংলগ্ন হওয়ায় এখন থেকে জরুরি অস্ত্রোপচারের ক্ষেত্রে দ্রুত ব্যবস্থা নেওয়া সম্ভব হবে, ফলে গুরুতর ট্রমা রোগীদের দ্রুত ও কার্যকর চিকিৎসা প্রদান করা যাবে। এই অস্ত্রোপচারটি সম্পন্ন করেন নিউরোসার্জারি বিভাগের প্রধান ডা. সিদ্ধা রেডি আঙ্কিরেডিপল্লি এবং নিউরোসার্জন ডাঃ দেবদত্ত সাহা। তাঁদের সহায়তায় ছিলেন ডাঃ ভাস্কর মজুমদার, ডাঃ স্বপন দেববর্মা এবং অ্যানেস্থেসিয়া টিমের সদস্যরা। অপারেশন থিয়েটারের টিমে ছিলেন সিস্টার বুখুরি জামাতিয়া, সঙ্গীতা সাংমা, পল্লব বৈদ্য, শুভায়ন এবং ওটি টেকনিশিয়ান অরুণ চৌধুরীসহ অন্যান্য জিডিএ কর্মীরা। তাঁদের সমন্বিত প্রচেষ্টায় এই অস্ত্রোপচার সফলভাবে সম্পন্ন হয়েছে। ট্রমা অপারেশন থিয়েটারে সার্জারি পরিষেবার সূচনা হাসপাতালের জরুরি ও ট্রমা চিকিৎসা ব্যবস্থায় এক নতুন অধ্যায়ের সূচনা করল। এর ফলে সংকটাপন্ন আঘাতপ্রাপ্ত রোগীদের দ্রুত ও কার্যকর চিকিৎসা প্রদান করার সক্ষমতা আরও বৃদ্ধি পাবে। স্বাস্থ্য দপ্তর থেকে এই সংবাদ জানানো হয়েছে।

\*\*\*\*\*